

§ 504-এর অধীনে বৈষম্যহীনতার বিজ্ঞপ্তি

নীতি সম্পর্কিত বিবৃতি

1973 সালের রিহাবিলিটেশন অ্যাক্ট (পুনর্বাসন আইন, §504)-এর §504 অনুসারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর নীতি হচ্ছে, অন্য সব যোগ্যতা আছে কিন্তু প্রতিবন্ধী এমন কাউকে কেবলমাত্র তার প্রতিবন্ধিতার কারণে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন পৃষ্ঠপোষিত অথবা প্রদত্ত কোন কর্মসূচি বা কর্মকাণ্ডে অংশগ্রহণ থেকে বাদ দেয়া বা বিরত রাখা, সুবিধাবঞ্চিত করা বা বৈষম্য করা যাবে না। প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তিদের গোপনীয়তার অধিকারের প্রতি মর্যাদা দেওয়া হবে।

চ্যান্সেলরের প্রবিধান [A-710](#) DOE-এর নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে, যার অন্তর্ভুক্ত আছে DOE স্কুল ও প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের যারা § 504-তে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী এবং যাদের DOE প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন আছে, তাদের অভিযোগ প্রক্রিয়া।

চ্যান্সেলরের প্রবিধান [A-830](#) DOE-এর বৈষম্য-বিরোধী নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে, যার অন্তর্ভুক্ত আছে কর্মচারী, শিক্ষার্থীদের পিতামাতা, শিক্ষার্থী এবং অন্যান্য যাদের সাথে DOE-এর সাথে ব্যবসা করে, যারা DOE-এর সুযোগসুবিধা ব্যবহার করে বা অন্য কোনোভাবে DOE-এর সাথে সম্পর্কিত, তাদের অভিযোগ প্রক্রিয়া।

§ 504 শিক্ষার্থী অধিকার ও প্রক্রিয়া সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করুন:

শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য:

§ 504 Program Manager
Office of School Health
42-09 28th Street, CN#25
Long Island City 11101
(718) 310-2429
504Questions@schools.nyc.gov

বাইরের তথ্য-উপকরণ:

U.S. Department of Education
Office for Civil Rights
32 Old Slip, 26th Floor
New York, NY 10005-2500
(646) 428-3900
<http://www.ed.gov/>